

পাবলিক লাইব্রেরী প্রাঙ্গণে ইউনেস্কো বই প্রদর্শনী শুরু

স্টার্ক রিপোর্টার : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে দু'দিনব্যাপী ইউনেস্কো বই প্রদর্শনী ২০০৫ গতকাল (বুধবার) ঢাকায় শুরু হয়েছে। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমদ সকালে আনুষ্ঠানিকভাবে পাবলিক লাইব্রেরী প্রাঙ্গণে এই প্রদর্শনীর উদ্বোধন করেন।

ইউনেস্কো, ঢাকার সহযোগিতায় বাংলাদেশ জাতীয় ইউনেস্কো ক্লাব প্রেসেন্সিয়েশন ও বাংলাদেশ ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কোর যৌথ উদ্যোগে আয়োজিত এই প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনেস্কো ক্লাবের সভাপতি সাংবাদিক শিহাব-কামাল চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইউনেস্কোর বাংলাদেশ প্রতিনিধি উলফগ্যাংগ স্কলম্যান, ইউনেস্কো কমিশন সচিব আ ন ম বজলুর রহমান এবং ইউনেস্কো ক্লাবের মহাসচিব মাহবুব উদ্দিন চৌধুরী। চতুর্থবারের মত এ প্রদর্শনী আল (বৃহস্পতিবার) সকাল ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত দর্শকদের জন্য উন্মুক্ত থাকবে।

প্রদর্শনীতে শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি, গণযোগাযোগ, মানবাধিকার, নারীর অধিকার, এইডস এবং মাদকবিরোধী পরিবেশ, ইতিহাস, ঐতিহ্য সংক্রান্ত প্রায় ৩ হাজারের বেশী ইউনেস্কো বই স্থান পেয়েছে।